

**নগর উন্নয়ন অধিদপ্তর এর সাথে মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি এর স্থাপত্য বিভাগ এর মধ্যে
সমঝোতা স্মারক সম্পাদন বিষয়ে।**

১. সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্যঃ

নগর উন্নয়ন অধিদপ্তর দেশের সুখম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করে থাকে এবং একই সাথে, উক্ত বিষয়ের উপর তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করে। অন্যদিকে মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি এর স্থাপত্য বিভাগ এর ছাত্র-ছাত্রীদের স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রী প্রদান করে থাকে, যার মধ্যে স্থাপত্য ও নগর পরিকল্পনা বিষয়ক মৌলিক শিক্ষা এবং গবেষণা অন্তর্ভুক্ত। এমতাবস্থায়, তাত্ত্বিক এবং ব্যবহারিক এর মধ্যে সমন্বয় সাধন ও পারস্পরিক উপাত্ত, তথ্য এবং জ্ঞান এর সহজগম্যতা প্রতিষ্ঠা প্রয়োজন।

এ লক্ষ্যে নগর ও অঞ্চলের জনগোষ্ঠীর সুখম উন্নয়ন সাধনে; উন্নয়ন পরিকল্পনায় জনগণের সমস্যাসমূহকে প্রাধান্য দিয়ে মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি এর স্থাপত্য বিভাগ ও নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে কাজ করাই এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য।

এক্ষেত্রে সার্বিক সহযোগিতার মাধ্যমে দ্বিপাক্ষিকভাবে গবেষণা, প্রশিক্ষণ কার্যক্রম, সেমিনার, কনফারেন্স, ওয়ার্কসপ ইত্যাদির আয়োজন করা এবং এর মাধ্যমে তথ্য বিনিময় অধিকতর সহজ এবং কার্যোপযোগী করা – এই সমঝোতা স্মারকের আওতাধীন বলে গণ্য হবে।

২. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশলঃ

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন অঞ্চলভিত্তিক কার্যক্রম সম্পাদনে উভয়পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে সম্পন্ন করা।

৩. সমঝোতা স্মারকের মেয়াদকালঃ

এই সমঝোতা স্মারকের মেয়াদকাল হবে ২০১৮ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত। তবে পারস্পরিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে উক্ত সময় বাড়ানো বা কমানো যাবে অথবা বন্ধ করা যাবে। তবে বন্ধ করার ক্ষেত্রে তিন মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে পরস্পরকে অবগত করতে হবে।

৪. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্ব সমূহঃ

- ক) ভূমি ও পরিবেশের যথাযথ মিথস্ক্রিয়া সাধনের লক্ষ্যে দুর্যোগ, জলবায়ু পরিবর্তনসহ SDG, Sendai Frame Work, Habitat-III তথা বিভিন্ন ইস্যু ভিত্তিক বিষয়সমূহ অন্তর্ভুক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনায় কার্যক্রম গ্রহণ ও তথ্য প্রদান করা এবং বাস্তব জ্ঞান সংশ্লিষ্ট Sectoral Agency কে চাহিদার ভিত্তিতে সরবরাহ করা।
- খ) তথ্য বিনিময়ের ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলপত্র যেমন মানচিত্র, আইনী দলিল, নীতিমালা ও বিধানসমূহ ইত্যাদি (তবে শুধুমাত্র উল্লেখিত বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ নয়) সরবরাহ করা যা শুধুমাত্র একাডেমিক উদ্দেশ্যে ব্যবহৃত হবে।
- গ) নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনাসহ এর ফলাফল উন্নয়ন পরিকল্পনায় প্রয়োগের মাধ্যমে নতুন নতুন কলাকৌশল উদ্ভাবনে কাজ করা।
- ঘ) Stakeholder গণের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কসপের আয়োজন করা।
- ঙ) নগরায়ন ও মানব বসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করা।
- চ) স্থাপত্য বিভাগের অনুশীলনে লব্ধ উপাত্ত, তথ্য এবং জ্ঞান নগর ও অঞ্চল পরিকল্পনা অধিদপ্তরের বিভিন্ন ভূমি ব্যবহার পরিকল্পনায় (যতদূর সম্ভব) প্রয়োগ করা।

৫. মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি এর স্থাপত্য বিভাগ এর দায়িত্বসমূহঃ


- ক) পারস্পরিক আলোচনার ভিত্তিতে যৌথভাবে গবেষণা কার্যক্রম সম্পন্ন করা এবং প্রচার ও প্রকাশনায় সহায়তা করা।
- খ) বিভিন্ন প্রকার কার্যক্রম যেমন জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, ওয়ার্কসপ ইত্যাদি কার্যক্রম আয়োজন করা এবং আয়োজনের ক্ষেত্রে অবশ্যই একাডেমিক বিষয় গুলোকে বিবেচনায় রাখা।
- গ) পরিকল্পনা পদ্ধতি উন্নয়নে নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে আলোচনার মাধ্যমে একসাথে কাজ করা।
- ঘ) স্থাপত্য বিভাগের পাঠ্যসূচীতে প্রায়োগিক বিষয়সমূহ (যতটা সম্ভব) অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা করা।

৬. এই স্মারকে যে সকল বিষয় অন্তর্ভুক্ত হয়নি তা পারস্পরিক আলোচনা ও সমঝোতার ভিত্তিতে নির্ধারন করা ও প্রয়োজনে সহযোগিতার ক্ষেত্রে সম্প্রসারণ করা।

৭. উপরে উল্লেখিত বিষয়গুলো সম্পাদনে আর্থিক বিষয় বিবেচ্য নয়। এই ক্ষেত্রে স্ব-স্ব সংস্থা নিজ নিজ ব্যয়ভার বহন করবে। তবে প্রয়োজনে নগর কেন্দ্রিক স্থাপত্য ও পরিকল্পনা বিষয়ক কার্যক্রমে স্ব-স্ব নিজস্ব তহবিল গঠন করলে অন্য সংস্থার কোন আপত্তি থাকবেন না।

স্বাক্ষর

স্বাক্ষর



(কে এম সালজার হোসেন)
ব্রিগেড জেনারেল
ডিন, ফ্যাকাল্টি অব সিই এবং
বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ
এমআইএসটি, মিরপুর সেনানিবাস

স্বাক্ষরী

(এম শফিকুল ইসলাম মন্ডল)

কমান্ডার, বিএন

জিএসও-১ (একাডেমিক)


(ড. খুরশীদ জাবিম হোসেন চৌফিক)
পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
21.03.2018

স্বাক্ষরী

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

